

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৩- ২৬৬

তারিখঃ ১১.১৪২০ বঙ্গাব্দ  
১৫.০৩.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪), প্রাক্তন রেডিওথেরাপিস্ট, রেডিওথেরাপি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-কে সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয়ে চাকুরি করার জন্য ১৬.০৪.১৯৯৭ তারিখের আদেশে ০১ বছরের লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে তাঁর অনুকূলে সর্বশেষ গত ১৫.০৪.১৯৯৯ তারিখ পর্যন্ত লিয়েন বর্ধিত করা হয়। ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪) পুনরায় তাঁর লিয়েনের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করলে তা নামঞ্জুর করা হয়। দীর্ঘদিন পর তিনি দেশে প্রত্যাবর্তন করে গত ৩১.০৯.২০১২ তারিখে যোগদান/পদায়নের জন্য আবেদন করেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে ;


যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪), প্রাক্তন রেডিওথেরাপিস্ট, রেডিওথেরাপি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ১৬.০৪.২০০২ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
১১.৩.১৪  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১২- ২৬৬/১৫

তারিখঃ ১১.১৪২০ বঙ্গাব্দ  
১৫.০৩.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪), প্রাক্তন রেডিওথেরাপিস্ট, রেডিওথেরাপি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- (স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-নাটিয়াবাড়ী, ডাকঘর-রাজনারায়নপুর, জেলা-পাবনা)

  
১৬/০৩/১৪  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১০৭.২০১৩-২৪০

তারিখঃ ২৭.০৩.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ মোখলেছুর রহমান (৩৯৩১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা-এর বিরুদ্ধে ২৫.০১.২০১২ তারিখ হতে ২১.০১.২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭.০৮.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৩-৭৪০নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ মোখলেছুর রহমান (৩৯৩১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১০৭.২০১৩-২৪০/১(৩০)

তারিখঃ ২৭.০৩.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ মোহাম্মদ মোখলেছুর রহমান (৩৯৩১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৩- ২৪২

তারিখঃ ১১.১৪২০  
২৭.০৩.২০১৪

আদেশ


যেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” এর দায়ে ০২.০১.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১১-০৪ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা গত ১১.১১.২০১৩ তারিখ চাকুরী হতে ইস্তফা প্রদানের আবেদন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৩- ২৪২/১(৬)

তারিখঃ ১১.০৩.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২- ২৪২

তারিখঃ ১২.০৩.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ প্রশান্ত কুমার ভাওয়াল (৪১৮৬৬), আবাসিক মেডিকেল অফিসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর-এর বিরুদ্ধে বিনানুমতিতে ১৪.১২.২০১১ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১০.০২.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২-১৪৮নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


ডাঃ প্রশান্ত কুমার ভাওয়াল (৪১৮৬৬)  
আবাসিক মেডিকেল অফিসার  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর  
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-ঘরিয়ালায়, পোঃ-টংগীবাড়ি, থানা- টংগীবাড়ি, জেলা-মুন্সিগঞ্জ)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২- ২৪২/১(৫)

তারিখঃ ১২.০৩.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, শরীয়তপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)